কুমারখালীতে আইসক্রীম ফ্যাক্টরিতে জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে ২টি আইসক্রীম ফ্যাক্টরিতে অভিযান চালিয়ে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। সোমবার দুপুরে যৌথ ভাবে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডল ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীদুল ইসলাম।

ভ্রাম্যমান আদালত সুত্রে জানা গেছে, পৌর এলাকার আগরাকুন্ডা গ্রামে মধুরুচি আইসক্রীম ও আশা আইসক্রীম নামের দুটি ফ্যাক্টরিতে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত। এসময় তাদের বৈধ লাইসেন্স না থাকা, ব্যবহৃত মালামালের মেয়াদ না থাকা নোংরা পরিবেশ ও সাধারন জগনের সাথে প্রতারনা করার অপরাধে দুটি ফ্যাক্টরির মালিকদের মোট ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিষয়ে র্নিবাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডল বলেন, বৈধ লাইসেন্স না থাকা, ব্যবহৃত মালামালের মেয়াদ না থাকা নোংরা পরিবেশ ও সাধারন জগনের সাথে প্রতারনা করার অপরাধে দুটি ফ্যাক্টরির মালিকদের মোট ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।এরা বিভিন্ন কোম্পানির লোগো ব্যাবহার করেন যার কোন অনুমতি নাই, মেয়াদ ফেল মালামাল ব্যাবহার, নোংরা পরিবেশ এর কারনে জারা এ আইসক্রিম খাবে তারা অসুস্থ হয়ে পড়বে তাই তাদের এ জরিমানা করা হয়েছে। তিনি আরও বলেন জনস্বার্থে এই ভ্রাম্যমাণ আদালত আগামীতে অব্যাহত থাকবে।

গাংনীর বাওট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সমন্বয় সভা

অনুষ্ঠিত

ছাত্র-ছাত্রীদের স্কুল থেকে ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে গাংনী উপজেলার বাওট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৩০-০৫-২০২২) সকালে স্কুল মিলনায়তন রুমে দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় গ্রাম উন্নয়ন দল, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকরা এ আয়োজন করেন।

বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোছাঃ ফাল্গুনী বানু অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। স্বাগত বক্তব্য রাখেন প্রধান শিক্ষক মুস্তাফিজুর রহমান সংগ্রাম।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয় কন্যাশিশু এডভোকেসী ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি, বিশিষ্ট শিক্ষা অনুরাগী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মোঃ সিরাজুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মটমুড়া ইউনিয়ন ভলেন্টিয়ার ফোরাম সভাপতি হাসান আলী ও বাওট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী ফেরদৌসী খাতুন ।

অনুষ্ঠানে মুক্ত আলোচনায় শিক্ষার মান উন্নয়নের জন্য মতামত দেন হোগলবাড়িয়া গ্রাম উন্নয়ন দলের সভাপতি নুরুজ্জামান, অভিভাবক মাছুরা খাতুন, মোঃ আনোয়ার হোসেন, কুতুব উদ্দীন সহ অন্যান্য অভিভাবকবৃন্দ।

শিশু ঝরে পড়া রোধে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি, শিক্ষার মান উন্নয়ন করা, শিক্ষার্থীদের ভাল ফলাফল করানো ও মোবাইল ফোন আসক্তি থেকে সন্তানকে দুরে রাখার জন্য নানা সিদ্ধান্ত নেওয়া হয় অভিভাবক সমাবেশে। অনুষ্ঠানে দি হাঙ্গার প্রজেক্টের মটমুড়া ইউনিয়ন সমন্বয়কারী সাধন কুমার।

গাংনীতে চুরির মামলার আসামী র্যাবের হাতে গ্রেফতার

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের সদস্যরা অভিযান চালিয়ে চুরির মামলার পলাতক আসামী একরামুল হককে (৩০) গ্রেফতার করেছে।

একরামুল হক গাংনী উপজেলার ষোলটাকা গ্রামের মৃত উষনাই খাঁ’র ছেলে।

র্যাব-৬ গাংনী ক্যাম্পের ইনচার্জ এএসপি তারেক আল বান্নার নেতৃত্বে র্যাবের একটি টীম গতকাল রবিবার (২৯ মে) দিবাগত রাত সাড়ে ১১ টার সময় গোপন সংবাদের ভিত্ত্বিতে বামন্দী বাজারে অভিযান চালিয়ে একরামুল হককে গ্রেফতার করেন।তার বিরুদ্ধে চুরির অভিযোগে গাংনী থানায় একটি মামলা রয়েছে।মামলা নং নং-১৫ তারিখ: ২৭/০৫/২০২২ এর ধারা ৩৮০/৪৫৭/৪১১ পেনাল কোড।

গ্রেফতারকৃত আসামী একরামুলকে আজ সোমবার সকালের দিকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে স্বাস্থ্য বিভাগের অভিযানে ৫ টি ডায়াগনস্টিক সেন্টার সিলগালা

স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশের পর মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ৫ টি অবৈধ ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার সিলগালা করে দিয়েছে স্বাস্থ্য বিভাগ।

আজ সোমবার (৩০ মে) দুপুরের দিকে অভিযান চালিয়ে অনুমোদন না থাকায় এসব ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার সিলগালা করে দেওয়া হয়।

এছাড়া বাকী যেসব ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের লাইসেন্স নবায়ন করা নেই তাদের লাইসেন্স নবায়নের সময় বেধে দেওয়া হয়েছে।

লাইসেন্স না থাকায় মুজিবনগর উপজেলার জারা নার্সিং হোম এন্ড ডায়াগনস্টিক সেন্টার, সিয়াম ডায়াগনস্টিক এন্ড ল্যাব, পপুলার ডায়াগনস্টিক সেন্টার, মুজিবনগর স্টার ক্লিনিক ও ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার, এবং হাজী ক্লিনিক এন্ড ডায়াগানস্টিক সেন্টার লাইসেন্স পাওয়ার আগ পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

অভিযানের নেতৃত্ব দেন মুজিবনগর উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আসাদুজ্জামান। তার সঙ্গে ছিলেন উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসের অন্যান্য কর্মকর্তা ও থানা পুলিশের একটি টীম।

মেহেরপুর জেলা সিভিল সার্জনের কার্যালয় সূত্র জানায়, মেহেরপুর জেলায় মোট ৩৩ টি ক্লিনিকে মধ্যে ২৮ টির লাইসেন্স রয়েছে। এছাড়া ডায়াগনস্টিক সেন্টার রয়েছে ৬১ টি। এদের মধ্যে লাইসেন্স রয়েছে ৪৭ টির। প্রথম দিনে উপজেলার ডায়াগনস্টিক ও ক্লিনিকের তালিকা নিয়ে অভিযান শুরু করা হলেও বন্ধ করা হয়েছে ৫টি।

মেহেরপুর সিভিল সার্জন ডা. জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন, ‘অবৈধ ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার যতদিন না বন্ধ করা সম্ভব হচ্ছে, ততদিন এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।

গাংনীতে বিএনপির আলোচনা সভা

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলেঅচনা সভা ও দোয়া মাহফিল করেছে মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর বিএনপি।

আজ সোমবার সকালে বিএনপি কার্যালয়ে গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি জুলফিকার আলী ভুট্টো ও গাংনী উপজেলা বিএনপির সভাপতি আছাদুজ্জামান বাবলু। পরে জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।

গাংনীতে অবৈধভাবে যত্রতত্র ইটভাটা স্থাপন বন্ধের দাবীতে এলাকাবাসীর স্মারকলিপি প্রদান

গাংনীতে অবৈধভাবে ইটভাটা স্থাপনের প্রতিবাদে স্মারকলিপি প্রদান করেছেন গাংনী পৌর বাসিন্দারা। আজ সোমবার দুপুরে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা নির্বাহী অফিসার ও কৃষি অফিসার সমীপে স্মারকলিপি প্রদান করা হয় এবং এলাকাবাসী সমবেত হন।

স্বারকলিপিতে উল্লেখ করা হয়, গাংনী পৌর এলাকায় গাংনী মৌজার বোয়ালীয়া মাঠে শতাধিক একর জমি চাষাবাদ করে জীবিকা নির্বাহ করে কয়েকশ পরিবার। এই তিন বা চার ফসলি জমিতে একটি স্বার্থন্বেসী মহল ইটভাটা স্থাপনের জন্য প্রস্তত করছেন। এখানে ইটভাটা প্রস্তত করা হলে পরিবেশ মারাত্নক বিপর্যয় হবে একই সাথে পার্শবর্তী আবাদি জমির আবাদ নষ্ট হবে বলে জানান স্থানীয়রা।

গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন বলেন, আমার বরাবর একটি আবেদন দিয়েছেন এলাকাবাসী। আবেদনটি গ্রহন করেছি এবং একটি কমিটি গঠন করা হয়েছে। তদন্তকরে তিনদিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দিলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, বেশ কিছু লোকজন আমাকে একটি আবেদন দিয়েছেন আমি তাদের আবেদনটি গ্রহন করেছি। বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

এসময় গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, জনগনের ক্ষতি করে কেউ ইটভাটা স্থাপন

করতে পারবে না। আমরা জনগনের পক্ষে। তাছাড়া ইটভাটার কালো ধোঁয়ার ফলে পরিবেশ ও পার্শবর্তী জমির ফসল নষ্ট হয়। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বিষয়টি গুরুত্বদিয়ে দেখা হবে।

আবেদনকারিদের সাথে একাত্বতা ঘোষনা করেন গাংনী পৗর মেয়র আহম্মেদ আলী। তিনি বলেন, কৃষি জমি নষ্ট করে কাউকেই ইটভাটা গড়ে তুলতে দেয়া হবেনা।

মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী পালিত

সাবেক রাষ্ট্রপতি ও সেনা প্রধান জিয়াউর রহমান (বীর উত্তম) এর ৪১ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, জেলা মুক্তিযোদ্ধা দলের সভাপতি রায়হানুল কবির, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন প্রমুখ।

পৌর বিএনপি‘র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় এছাড়াও সাইফুল ইসলাম, মোঃ আমিরুল ইসলাম, রুপালি, বেদানা, ফাহিমা সহ জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা আলোচনা সভায় অংশগ্রহণ করে।

আলোচনার পরে, ৩ দিন আগে মৃত্যু বরণ করা বিএনপির জাতীয় নির্বাহী কমিটির পল্লী উন্নয়ন বিষয়ক সম্পাদক ও সাবেক পানি সম্পদ প্রতিমন্ত্রী অ্যাড. গৌতম চক্রবর্তীর জন্য দোয়া কামনা করে ১ মিনিট নিরবতা পালন করা হয়।

উল্লেখ্য, ১৯৮১ সালের ৩০ মে এক ব্যর্থ সামরিক অভ্যুত্থানে চট্টগ্রাম সার্কিট হাউসে বাংলাদেশী জাতীয়তাবাদের প্রবক্তা জিয়াউর রহমান নির্মমভাবে নিহত হন।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ জন গ্রেফতার

মেহেরপুর থানা পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন মামলার তিন জন আসামীকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার রাইপুর গ্রামের মৃতু আবুল হোসেনের ছেলে ইলিয়াস হোসেন (৬০), শোলমারী গ্রামের মৃতু সাদ আলীর ছেলে শাজাহান ওরফে রুহুল (৫২) ও গাংনী উপজেলার নীলকুঠি ভাটপাড়া গ্রামের সরোয়ার হোসেনের ছেলে আব্দুল মাবুদ (৩৫)।

সদর থানার ওসি শাহ দারা খানের নেতৃত্বে গত ২৪ ঘন্টার অভিযানে এসব আসামীদের গ্রেফতার করে পুলিশ।গ্রেফতারকৃতদের মধ্যে ইলিয়াস হোসেন চুরির মামলায় শাজাহান জুয়া আইনের মামলায় এবং গাংনীর ভাটপাড়ার আব্দুল মাবুদ পুলিশের উপর হামলা মামলার আসামী।

মেহেরপুর সদর থানার ডিউটি অফিসার উপপরিদর্শক (এসআই) ফেরদৌসি এ তথ্য নিশ্চিত করেছেন।

সদর ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান জানান, গ্রেফতারকৃতদের আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে

নির্বাহী প্রকৌশলীর যোগসাজসে ঠিকাদার জহিরুল ৭০ শতাংশ বিল উত্তোলন করেছেন কাজ না করেই

কাজ শুরু না করেই ৫ কোটি টাকা প্রকল্পের কাজের ৩কোটি ৩৭ লাখ টাকা বিল তুলে নিয়েছেন ঠিকাদার জহিরুল ইসলাম। আর একাজে সহযোগীতা করেছেন এলজিইডির নির্বাহী প্রকৌশলী আসাদুজ্জামান। তবে তিনি বলছেন, নিয়ম মেনে বিল দেওয়া হয়েছে। ঠিকাদার জহিুরুল ইসলাম মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক শিল্প বিষয়ক সম্পাদক।

সূত্র মতে জানা গেছে, বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের অর্থায়নে মেহেরপুর সদর এলজিইডির তত্ত্বাবধানে উপজেলার বারাদি থেকে পিরোজপুরের যাদুখালি স্কুল পর্যন্ত প্রায় ৫ কিলোমিটার রাস্তা নির্মাণে ব্যায় ধরা হয়েছে প্রায় ৫কোটি টাকা। মেহেরপুরের মেসার্স জহিরুল লিমিটেড এর মালিক জহিরুল ইসলাম রাস্তাটি ঠিকাদার হিসেবে দায়িত্ব পায়।

জানা গেছে, ২০২১ সালের ১৮ মে কাজ শুরু হয়ে শেষ হওয়ার কথা চলতি বছরে ডিসেম্বরে। দেড় বছরের কাজের মাত্র এক মাস যেতে না যেতেই এমনকি কোন কাজ না করেই ২০২১ সালের ১৪ জুন ঠিকাদারী প্রতিষ্ঠানকে ৩ কেটি ৩৭ লাখ ৯ হাজার ৭৯০ টাকা বিল পরিশোধ করেছেন নির্বাহী প্রকৌশলী।

কাজ না করেও যে যে খাত উল্লেখ করে বিল প্রদান করা হয় সেগুলো হলো: পিআইইই (৭৫ এমএম) ৬৮৪১৮.৯৪ টাকা, ইই (১২৫এমএম) ১৫৯৭১২৬.৩৫ টাকা, বিএন্ডএসবিসি ৬৮৬৮৪.১৪ টাকা, বিসিএন্ড এসজিসি (৪৫০এমএম) ৬৯৩৭২৪.৪৮ টাকা, ডিআইএস (এসবি/বিসি) ৬৮৭৬.৯১ টাকা, এসএন্ডসি (এসবি) ১২৫৫৯.৩৮ টাকা, এসএএন্ডডি (এমএফ০.৫০) ১২৩৬৩১৭.৪৭ টাকা, এসবিবিসি (এফএম-০.৫) ৪০২২৯৬২.১৭ টাকা, এইচবিপিএমএম ৪২৪১৬১.৮১ টাকা, এসবি ৭৯৪৯১.৬০ টাকা, এসএন্ড এসবিসি ১০৯৩৪৭৫৯.৯৫ টাকা, সি ডাবলিউ বিএম (আইএসএসএম) ৭৮২১০১.৪৮ টাকা, পিসিএমডি ১.২: ১৪৫১৭৫৫.৮০ টাকা, ডিসিপিএম ১২৩৩০৮৫৭.৪৬ টাকা প্রদান করা হয়েছে।

স্থানীয়রা অভিযোগ করেন, নির্ধারিত তারিখে কাজ শুরু হওয়ার কথা থাকলেও ঠিকাদারী প্রতিষ্ঠান রাস্তাটি খুড়াখুড়ি করে ফেলে রাখেন দির্ঘদিন। এসময় এলাকার মানুষের ভোগান্তি ছিল নিত্যদিনের। চলতি মাসের ১৪/১৫ তারিখে সেই রাস্তাটিতে বালি ও খোয়া ফেলে প্রথম কাজ শুরু হয়। তারা বলেছেন, মানহীন ইটের খোয়া ও মাটি মিশ্রিত বালি দিয়েই ডাবলিউবিএম করা হয়েছে। এছাড়া উপরে ভাল করে রুলার করা হয়নি। তড়িঘড়ি করে তারা এই কাজ সম্পন্ন করছেন। এতে রাস্তার মানও খারাপ হবে বলে জানান এলাকাবাসি।

গহরপুর গ্রামের চা দোকানী জহিরুল ইসলাম ও কৃষক কামরুল ইসলাম জানান, রাস্তাটি নিয়ে আমরা দীর্ঘদিন ঝামেলাতে ছিলাম। ঠিকাদারী প্রতিষ্ঠান রাস্তা খুড়ে ফেলে রেখেছিলেন। ৭/৮ দিন আগে খোয়া ফেলেছেন। ঠিকাদার নিম্নমানের ইট, খোয়া ও মাটি মিশ্রিত বালি ব্যবহার করেছেন বলে অভিযোগ করেন তারা।

পিরোজপুর গ্রামের কৃষক মতিয়ার রহমান, টুঙ্গিগোপালপুর গ্রামের শাহাবুল ইসলাম, বিল্লাল হোসেন ও ঝুমুর হোসেন জানান, কলাইডাঙ্গা ও গহরপুর গ্রাম এলাকায় রাস্তাটির কাজ ৪/৫ দিন আগে শুরু হয়েছে। তবে, ১০/১৫ দিন আগে পিরোজপুর অংশে কাজ শুরু হয়েছে।

সরজমিনে দেখা গেছে, রাস্তায় ডাবলিউবিএমে ব্যবহার করা হয়েছে নিম্নমানের খোয়া ও বালি। রাস্তার পাশের এজিং করার কাজেও ব্যবহার হয়েছে নিম্নমানের ইট। রুলার দিয়ে কমপেকশনের কাজটিও ঠিকমত হচ্ছেনা। অনেকটা তড়িঘড়ি করেই কাজটি শেষ করার চেষ্টা করছে। এত বড় কাজের সাইটে শফিকুল ইসলাম নামের একজন মাত্র ওয়ার্ক এ্যাসিটেন্ট কাজটি দেখভাল করছেন। সেখানে কোনো প্রকৌশলীর দেখা মেলেনি। রাস্তার দুপাশে নির্মাণ করা হয়নি কোনো সোল্ডার। এরই মধ্যে পিচের কাজ শুরু করেছেন ঠিকাদার।

মেহেরপুরের প্রথম শ্রেনীর ঠিকাদার জাকির হোসেন খান বলেন, রাস্তা টেকসই হওয়ার জন্য ডাবলিউবিএমের ডাবল লেয়ার কমপেকশন করা দরকার। একই সাথে ডাবলিউবিএম করার পর অন্ততপক্ষে দেড় থেকে দুই মাস ফেলে রাখা উচিৎ।
অথচ, ঠিকাদার রাস্তাটি নির্মাণ করছেন তড়িঘড়ি করে। দেখভালের দায়ীত্বেও চরম অবহেলা করছেন এলজিইডির কর্মকর্তারা।

মেহেরপুর এলজিইডির ল্যাব ইনচার্জ উপ-সহকারী প্রকৌশলী আব্দুর রহমান জানান, ওই রাস্তার কাজে যে ইট বা খোয়া ব্যবহার করা হচ্ছে

সে ইট বা খোয়া টেষ্ট করা হয়নি। কাজের শুরুতে বর্ধিত অংশের খোয়া পরীক্ষা করা হয়েছিল।
স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের মেহেরপুর সদর উপজেলার উপ-সহকারী প্রকৌশলী নাজমুল হক জানান, আমাকে দিয়ে কাজ না হতে এই বিলটি করানোর চেষ্টা করা হয়েছিল। আমার বদলি হওয়ার সময় হওয়ায় এই অবৈধ বিলটি করতে অপারগতা প্রকাশ করি।

মেহেরপুর সদর উপজেলা উপ-সহকারী প্রকৌশলী আসাদুজ্জামান জানান, উর্দ্ধতন বসের নির্দেশে আমি বিলটি তৈরী করতে বাধ্য হয়েছিলাম। নিয়ম মাফিক হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেন, সেটা বস ভাল বলতে পারবে। আমি ছোট কর্মচারী। বসের নির্দেশ পালন করেছি মাত্র।

সদর উপজেলা প্রকৌশলী আব্দুল হামিদ জানান, আমার উর্দ্ধতন কর্তৃপক্ষ নির্বাহী প্রকৌশলী। তিনি যেভাবে বলেছেন, সেটাই করেছি। এখানে বড় বড় মাথাদের বিষয়।

এব্যাপারে জহুরুল লিমিটেডের স্বত্বাধিকারী জহিরুল ইসলামের সাথে কথা বলতে চাইলে, তিনি কোনো কথা বলতে চাননি, বিষয়টি অফিসের উপর ছেড়ে দেন।

মেহেরপুর এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী আসাদুজ্জামানের কাছে কাজের আগে বিল উত্তোলন করার কথা জানতে চাইলে তিনি বলেন, আমি নিয়ম মেনেই তাকে বিল প্রদান করেছি। ওই রাস্তার নির্মাণ কাজ প্রসঙ্গে তিনি বলেন, ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করার পরই তাকে বিল দেওয়া হয়েছে। আগামী ১০/১৫ দিনের মধ্যেই সম্পূর্ণ কাজটি হয়ে যাবে বলেও জানান তিনি। কাজের নির্মাণ সামগ্রী নিম্নমানের হচ্ছে এমন অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, আমি খোঁজ নিয়ে দেখবো।

কুতুবপুর স্কুল এন্ড কলেজে নবীণ বরণ ও অবঃ শিক্ষকের বিদায়

অনুষ্ঠান

কুতুবপুর স্কুল এন্ড কলেজে নবীন বরণ ও অবসরপ্রাপ্ত শিক্ষকের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল ১০ ঘটিকার সময় নবীণ বরণ ও অবসরপ্রাপ্ত শিক্ষকের বিদায় অনুষ্টান ও অত্র প্রতিষ্ঠানের কৃতি শিক্ষার্থী লেঃ কর্নেল অবঃ ডাঃ মোঃ আব্দুল ওহাব এর পক্ষ থেকে শিক্ষা বৃত্তি প্রদান ও প্রধান অতিথিকে ফুলেল শুভেচ্ছা ও জাতীয় সংগীতের সাথে সাথে পতাকা উত্তলনের মধ্যে দিয়ে অনুষ্টানের সূচনা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুতুব পুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সভাপতি, ১ নং কাথুলী ইউপি চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সবেক ত্রাণ ও সমাজ কল্যান সম্পাদক মোঃ মিজানুর রহমান রানা।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৭৪ মেহেরপুর-২ সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হাবিবুল বাশার, গাংনী উপজেলা আওয়ামী লীগের নবনির্বাচিত সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, গাংনী উপজেলা মহিলা আওয়ামী লীগের সভাপতি লায়লা আঞ্জুমান আরা বানু। সঞ্চালনায় ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান।

সম্মানিত অতিথি বৃন্দদের মধ্যে উপস্থিত ছিলেন তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস। মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ। কুতুবপুর স্কুল এন্ড কলেজের অবিভাবক সদস্য ও কাথুলী ইউনিয়ন পরিষদের ইউ পি সদস্য আবু হানিফ। সাবেক জেলাপরিষদ সদস্য অতুল ও মিরন এবং কাথুলী ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্য, স্থানীয় গুনিজন ও সকল কিক্ষক ও শিক্ষার্থী বৃন্দ।

এ সময় অত্র প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রতিস্ঠান ভবন নির্মান কাজের উন্নয়ন, শিক্ষার্থীদের উন্নত ও মানসম্মত শিকা প্রদানের জন্য ল্যাব ও নানা রকম চাওয়া পাওয়া কে সম্মতি জানিয়ে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন বলেন, এলাকার ঐতিবাহী প্রতিস্ঠান ও আমার শৈশব কৈশর ভালোলাগা ভালোবসার ইউনিয়ন এই কাথুলী ইউনিয়ন এবং এটি আমার ইউনিয়ন। আপনারা অবগত আছেন প্রতিটি প্রতিষ্ঠানেই

আমাদের মানবতার মা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শিক্ষা মান উন্নয়নে আইসিটি ভবন নির্মান কাজ চলমান রয়েছে সেই ধারাবাহিকতায় আমি আগামি তে এই প্রতিষ্ঠানকে একটি কম্পিউটার ল্যাব ও আইসিটি ভবন নির্মান করবার চেষ্টা করবো ইনশাআল্লাহ।

সবশেষে সভাপতি বক্তব্য শেষে প্রথম অদিবেশন শেষ করেন এবং দ্বিতীয় অধিবেশন সাংস্কুতিক অনুস্ঠানের পর্ব শুরু হয়।